

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৮৭(আগরতলা- ১৩।০৬)

খোয়াই, ১৩ জুন, ২০১৮

খোয়াইয়ে জলমগ্ন এলাকার
৪৭৯টি পরিবার ত্রাণ শিবিরে

প্রবল বর্ষণে খোয়াই মহকুমার সোনাতলা, চেবরী, কাঞ্চনঘাট, আমলাপাড়া, মরানদীপাড় সহ বিভিন্ন এলাকা জলমগ্ন হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্য ১১টি ত্রাণ শিবির খোলা হয়েছে। বিভিন্ন ত্রাণ শিবিরের মধ্যে গৌরাঙ্গটিলা ত্রাণ শিবিরে ১৪৮টি পরিবার, দেশবন্ধু জে বি স্কুলে ৩০টি, শ্রীনাথ বিদ্যানিকেতনে ১২৫টি, শ্রীকৃষ্ণ জে বি স্কুলে ২০টি, সোনাতলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২০টি, জি এ বি ক্লাবে ৪০টি, বাসুদেববাড়ি বিপ্লবী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ৭টি, ভবতোষ পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২৫টি, বীণাদাস অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ১৪টি, পহরমুড়া মার্কেট শেডে ১২টি, ইচ্ছাময়ী প্রাইমারী স্কুলে ৩৮টি সহ মোট ৪৭৯টি পরিবার ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ত্রাণ শিবিরে আশ্রয় গ্রহণকারী পরিবারগুলির জন্য প্রাথমিকভাবে খাওয়ার ব্যবস্থা করা হয়েছে বলে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে। এদিকে, খোয়াই জেলা হাসপাতালের উদ্যোগে শ্রীনাথ বিদ্যানিকেতনের ত্রাণ শিবিরে ৬৯ জনকে চিকিৎসা করে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়েছে বলে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি কে মজুমদার জানিয়েছেন। এদিকে, আজ বিধায়ক পিনাকী দাস চৌধুরী, বিশিষ্ট সমাজসেবী অমিত রক্ষিত, সুব্রত মজুমদার, সমীর দাস, মহকুমা শাসক বিশ্বিসার ভট্টাচার্য ত্রাণ শিবিরগুলি সরেজমিনে পরিদর্শন করেন।
